দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... NOV. 04.1999
পৃঃ ২ কলাম ৭......

# জাতীয় শিক্ষা সপ্তাহে ত্রুটি

সম্প্রতি জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৯৯ উপজেলা পর্যায়ে সমাপ্ত হইয়াছে। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত বিভিন্ন কাগজপত্রে জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৯৯-এর পরিবর্তে ২০০০ লেখা থাকায় উপজেলা পর্যায়ে বিভিন্ন বিষয়ে পুরস্কারপ্রাপ্তদের সনদপত্রেও ১৯৯৯-এর পরিবর্তে ২০০০ লেখা হইয়াছে। এখন প্রশ্ন হইল, '৯৯ সনে কী করিয়া ২০০০ সনের শ্রেষ্ঠ শিক্ষক ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা সম্ভব হইল? এতবড় একটি ত্রুটি কাহারও চোখে ধরা পড়িল না, ইহা ভাবিয়া অবাক লাগিতেছে। এই বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**মোঃ আমিনুল ইসলাম তালুকদার,**
প্রভাষক, দুর্গাপুর মহিলা কলেজ;
**প্রণব কুমার দেব,**
সহকারী শিক্ষক,
এম,কে,সি,এম, পাইলট সরকারী
উচ্চ বিদ্যালয়,
দুর্গাপুর, নেত্রকোনা।